

## বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং-১ব্য/গ-৯৬৫/২০০৪/প্রশাসন/ডিপি নং-৩৪১/২৯০৫

তারিখ: ১৯-০৯-২০১৮ খ্রি.

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ সাইদুর রহমান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর গত ২০-০৫-২০১৬ খ্রি. তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিধি বহির্ভূতভাবে অনুপস্থিত থাকায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ৩৭ (খ) ও (গ) উপ-প্রবিধি মোতাবেক অসদাচরণ ও পলায়নের অভিযোগে অভিযুক্ত করে অত্র কার্যালয়ের স্মারক নং-১ব্য/গ-৯৬৫/২০০৪/প্রশাসন/ডিপি নং-৩৪১/৩৭৬১ তারিখ: ১০-১০-২০১৭ খ্রি. মোতাবেক বিভাগীয় মামলা রঞ্জুরত (মামলা নং-৩৪১/১৭) অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু, জনাব মোঃ সাইদুর রহমান নির্ধারিত সময়ের মধ্যে কোনরূপ জবাব দাখিল করেননি, অত্র কার্যালয়ের স্মারক নং-১ব্য/গ-৯৬৫/২০০৪/প্রশাসন/ডিপি নং-৩৪১/৪৯৬৪ তারিখ: ১৪-১১-২০১৭ খ্রি. মোতাবেক ড. মোঃ কামরুল হাসান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ সাইদুর রহমান এর বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ৩৭ (খ) ও (গ) উপ-প্রবিধি অনুযায়ী অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে অসদাচরণ ও পলায়নের অভিযোগ যথাযথভাবে প্রমানিত হওয়ায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১১ এর ৩৮ (১) (খ) (ই) উপ-প্রবিধি মোতাবেক কেন তাঁকে চাকরি হতে অপসারণ করা হবে না অথবা অন্য কোন গুরুদস্ত প্রদান করা হবে না এ মর্মে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়। সে পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা নির্ধারিত সময়ে জবাব দাখিল করেননি;

যেহেতু জনাব মোঃ সাইদুর রহমান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর এর বিরুদ্ধে আনিত অভিযোগ, তাঁর কারণ দর্শানোর জবাব দাখিল না করা, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত “অসদাচরণ ও পলায়নের” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে সেহেতু তাঁকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১১ এর ৩৮ (১) এর (খ) (ই) উপ-প্রবিধি মোতাবেক অত্র ইনস্টিটিউটের চাকরি হতে “অপসারণ” করা হলো।

যেহেতু জনাব মোঃ সাইদুর রহমান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর উচ্চশিক্ষা গ্রহণকালীন সময়ে বেতন ভাতাদি বাবদ ১৩,৩০,১৫৫/৭২, উৎসব ভাতা ১,৬০,০৫০/-, বৈশাখী ভাতা ৮,৯৮৮/- ও বকেয়া ভাতা ১,১২,০০১/৪৯ মোট ১৬,১১,১৯৫/২১ (ষোল লক্ষ এগার হাজার একশত পঁচানব্বই টাকা একশ পয়সা) মাত্র উত্তোলন করেছেন সেহেতু বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১১ এর ৩৮ (১) এর (খ) (আ) উপ-প্রবিধি মোতাবেক উক্ত অর্থ আদায়যোগ্য।

এমতাবস্থায় জনাব মোঃ সাইদুর রহমান উচ্চশিক্ষা গ্রহণকালীন সময়ে বেতন ভাতাদি বাবদ উত্তোলনকৃত ১৬,১১,১৯৫/২১ (ষোল লক্ষ এগার হাজার একশত পঁচানব্বই টাকা একশ পয়সা) টাকা এবং বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য মনোনীত বেসামরিক সরকারী কর্মকর্তাদের প্রদত্ত মুচলেকা (বন্ড) এর ৭ নং শর্তানুযায়ী ৬,০০,০০০/- টাকাসহ সর্বমোট (১৬,১১,১৯৫/২১ + ৬,০০,০০০/-) = ২২,১১,১৯৫/২১ (বাইশ লক্ষ এগার হাজার একশত পঁচানব্বই টাকা একশ পয়সা) মহাপরিচালক, বিএআরআই, গাজীপুর এর অনুকূলে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(ড. আবুল কালাম আযাদ)  
মহাপরিচালক (চলতি দায়িত্ব)  
ফোন: ০২-৪৯২৭০০০০

প্রাপকঃ

জনাব মোঃ সাইদুর রহমান  
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা  
সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ  
বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর।

রেজি./এডি- জনাব মোঃ সাইদুর রহমান  
পিতা- মো: শামছুর রহমান  
গ্রাম-১৩/১১ শহীদ আব্দুর রাজ্জাক সড়ক, কালিসংকরপুর  
ডাকঘর-কুষ্টিয়া-৭০০০, উপজেলা ও জেলা- কুষ্টিয়া।  
E-mail- m.rahman.19@student.scu.edu.au/ srahman@bari.gov.bd

অনুলিপি:

- ১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ৫। রেজি./এডি- Md. Sydur Rahman, Phd student, School of Environment, Southern Cross University, Australia
- ৬। প্রটোকল কর্মকর্তা, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ৮। কম্পিউটার সেল/এসিআর সেল, প্রশাসন শাখা, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ৯। ব্যক্তিগত নথি/মাস্টার ফাইল
- ১০। সংশ্লিষ্ট নথি।

  
(মোঃ মাহমুদুল হাসান)

সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) (অ. দা.)  
মহাপরিচালকের পক্ষে  
ফোন: ০২-৪৯২৭০০১০/৫৪৯২